STATE OF NEW YORK
OFFICE OF THE ATTORNEY GENERAL

NEW YORK STATE EDUCATION DEPARTMENT
THE UNIVERSITY OF THE STATE OF NEW YORK

ERIC T. SCHNEIDERMAN
অ্যাটর্নি জেনারেল

MARYELLEN ELIA
কমিশনার অফ এডুকেশন
ইউনিভার্সিটি অফ স্টেট অফ নিউ ইয়র্ক -এর প্রেসিডেন্ট

27 ফেব্রুয়ারি 2017

সম্প্রতি কেন্দ্রীয় আমলারা অভিবাসন সংক্রান্ত পদক্ষেপ গ্রহণ করেছেন, যা দেশজুড়ে ভয় ও আতঙ্কের পরিবেশ সৃষ্টি করেছে। আমাদের এজেন্সি এবং নিউ ইয়র্ক স্টেট বোর্ড অফ রিজেন্টস উভয় যাদের পরিষেবা দেয়, সেই নিউ ইয়র্ক বাসিন্দারা আমাদের সরাসরি জানিয়েছেন এই পদক্ষেপের ফলে তাদের দুশ্চিন্তা ও উদ্বেগগুলি। নিউ ইয়র্ক স্টেট অফিস অফ দ্য অ্যাটর্নি জেনারেল ("OAG") এবং নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট ("SED") আজ লিখিতভাবে সমগ্র নিউ ইয়র্ক রাজ্যব্যাপী ছাত্র-ছাত্রী, পরিবার এবং কমিউনিটিদের আশ্বস্ত করতে চাইছে যে আমাদের স্কুলগুলিতে শিক্ষায় নিয়োজিত ছাত্র-ছাত্রীদের অবস্থা নিরাপদ থাকবে।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ল (শিক্ষা আইন) মোতাবেক, পাঁচ বছরের বেশি কিন্তু একুশ বছরের কম বয়সের শিশু, যারা হাইস্কুল ডিপ্লোমা পায় নি, তারা তাদের বসবাসকারী ডিস্ট্রিক্টে কোনো টিউশন ফী প্রদান করা ছাড়াই সরকারী স্কুলে পড়াশোনা করতে পারবে। এছাড়াও, স্কুল ডিস্ট্রিক্টগুলিকে নিশ্চিত করতে হবে যে বাধ্যতামূলক বয়ঃপ্রাপ্ত সব ছাত্র-ছাত্রী পূর্ণ সময়ের জন্য স্কুলে যাচ্ছে।[1] **অনথিবদ্ধ শিশুদেরও অধিতার আছে, যেমন মার্কিন নাগরিক শিশুদের অধিকার আছে পূর্ণ সময়ের জন্য স্কুলে যাওয়া যতক্ষণ তারা রাজ্য আইন দ্বারা নির্দিষ্ট বয়স ও বসবাসের প্রয়োজনীয়তা পূরণ করছে।** কয়েক দশক আগে মার্কিন সুপ্রিম কোর্ট, *প্লাইলার বনাম ডো,* মামলায় রায় দিয়েছিল যে স্কুল ডিস্ট্রিক্ট ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে সরকারী শিক্ষা দিতে অস্বীকার করতে পারে না এই ভিত্তিতে যে, তাদের অবস্থা অ-নথিবদ্ধ বা তারা নাগরিক নয় বা তাদের বাবা-মা অথবা অভিবাবকেরা নথিবদ্ধ বা নাগরিক নন।[2]

সেইমতো, OAG/SED অ-নথিবদ্ধ ছাত্র-ছাত্রীদের এই গুরুত্বপূর্ণ অধিকার বিষয়ে স্কুল ডিস্ট্রিক্টকে জানাচ্ছে যে, নথিভুক্তির সময়ে স্কুল ছাত্র-ছাত্রীদের সেই সব প্রশ্ন করতে পারবে না যা তাদের অভিবাসন অবস্থা সম্পর্কিত তথ্য প্রকাশ করে, যেমন সোশাল সিকিউরিটি নম্বর জিজ্ঞাসা করা।[3] আমরা এছাড়াও পরামর্শ দিই যে, যেহেতু স্কুল ডিস্ট্রিক্টকে কিছু তথ্য সংগ্রহ করতে হবে রাজ্য এবং/বা কেন্দ্রীয় আইন মোতাবেক, তারা সেটি করতে পারবে একজন ছাত্র/ছাত্রী স্কুলে ভর্তি হওয়ার <u>পরে</u> যাতে এমন কিছু মনে না হয় যে তার অভিবাসন সংক্রান্ত তথ্য ব্যবহার করে তার স্কুলে ভর্তি নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হবে।[4]

সম্প্রতি, আমাদের এজেন্সি এরকম প্রশ্ন পেয়েছে যে, ছাত্র/ছাত্রীর সাথে দেখা করতে বা তাদের রেকর্ডে প্রবেশাধিকার পাওয়া সহ মার্কিন ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট ("ICE") -এর প্রতিনিধিদের দ্বারা অনুসন্ধানের সময়ে স্কুল ডিস্ট্রিক্টের দায়সমূহ কী। আপনারা জানেন যে বিভিন্ন আইন, স্কুল ডিস্ট্রিক্টের উপর আইনি দায়-দায়িত্ব অর্পণ করে আইনরক্ষক দ্বারা স্কুলে ছাত্র/ছাত্রীদের জেরা করা বিষয়ে এবং ছাত্র/ছাত্রীদের রেকর্ডের গোপনীয়তা বিষয়ে, যাতে অন্তর্ভুক্ত হয় নিউ ইয়র্ক ফ্যামিলি কোর্ট অ্যাক্ট ("NYFCA") এবং কেন্দ্রীয় ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট ("FERPA")। সেই দায়-দায়িত্ব লঙ্ঘিত হলে, এমনকি একজন কেন্দ্রীয় অভিবাসন আধিকারিকদের দ্বারা অনুরোধ পরিপূরণ করতে গিয়েও, তবে স্কুল ডিস্ট্রিক্টকে জবাবদিহি করতে হবে। এই কারণে, আমাদের এজেন্সি উৎসাহিত করে সব স্কুল ডিস্ট্রিক্ট কর্মীদের যাতে তারা তাদের সুপারিন্টেন্ডেন্টের সাথে এবং স্কুল অ্যাটর্নিদের সাথে পরামর্শ করে,

---

[1] *দেখুন* এডুঃ আইনের ধারাগুলি §§ 3202(1), 3205।

[2] *প্লাইলার বনাম ডো,* 457 U.S. 202 (1982); *এছাড়াও দেখুন প্লাটা আপিল,* 40 সং ডিপাঃ প্রতিঃ 552, রায় নং 14,555।

[3] *দেখুন, উদাঃ,* কসিমো টাঙ্গোরা, জুনিঃ, *"প্রিয় সহকর্মী" চিঠি,* নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (10 সেপ্টেঃ 2014), http://www.p12.nysed.gov/sss/documents/EducationalServicesforRecentlyArrivedUnaccompaniedChildren.pdf।

[4] বিশেষ করে সোশাল সিকিউরিটি চিহ্নিতকরণ বিষয়ে, SED -র প্রয়োজন হয় না ছাত্র/ছাত্রীর সোশাল সিকিউরিটি কার্ড বা নম্বর সংগ্রহের যে কোনো কারণে, যে কোনো সময়ে, ছাত্র/ছাত্রীর ভর্তির আগে বা পরে।

কোনো কেন্দ্রীয় সরকারী অভিবাসন আধিকারিক দ্বারা কোনো অনুরোধ পেলেই।এই প্রকার কোনো অনুরোধ পেলে স্কুল ডিস্ট্রিক্ট কর্মীরা তাদের সুপারিন্টেন্ডেন্ট এবং অ্যাটর্নিদের সাথে কাজ করবেন, যাতে এটি নির্ধারণ করা যায় যে, সে প্রকার অনুরোধ রক্ষা করলে স্কুল ডিস্ট্রিক্ট কোনো প্রকারের আইনের সাধারণ প্রযোজ্যতা লঙ্ঘন করছে না।

*ছাত্র/ছাত্রীদের সাথে দেখা করা অথবা তাদের সাক্ষাৎকার নেওয়ার অনুরোধ।* **দীর্ঘ দিন ধরে SED মনে করে যে আইনরক্ষক আধিকারিকেরা একটি ছাত্র/ছাত্রীকে স্কুল থেকে নিয়ে যেতে বা তার বাব-মা অথবা বাবা-মা স্থানীয় ব্যক্তিদের সম্মতি ব্যতীত জেরা করতে পারে**, ব্যতিক্রম হবে বিশেষ কিছু ক্ষেত্র (*যেমন*, যখন আইনরক্ষক আধিকারিকদের কাছে বৈধ পরওয়ানা থাকবে অথবা যখন অপরাধটি স্কুলের চৌহদ্দির মধ্যে ঘটেছে)।[5] স্কুলের আধিকারিকদের উৎসাহিত করা হয় আইনরক্ষকদের সাথে সহযোগিতা করতে, আইনমোতাবেক এবং স্থানীয় স্কুল নীতি অনুযায়ী। আমরা দৃঢ়ভাবে পরামর্শ দিই যে, যদি ICE ব অন্যান্য কেন্দ্রীয় অভিবাসন আধিকারিকরা একটি স্কুলে এসে অনুরোধ জানান কোনো ছাত্র/ছাত্রীর জন্য (সাক্ষাৎকার এবং/অথবা জেরা করার জন্য), তবে সেই স্কুল ডিস্ট্রিক্ট তাদের সমস্ত কর্মীদের পরামর্শ দেবে যে, তারা যেন কোনো ছাত্র/ছাত্রীর কাছে অ্যাক্সেস দেওয়ার আগে অবিলম্বে সুপারিন্টেনডেন্টের সাথে, NYFCA -এর সাথে এবং স্কুল ডিস্ট্রিক্ট অ্যাটর্নির সাথে যোগাযোগ করে, কীভাবে এগোনো হবে তা জানতে, বিশেষ করে এডুকেশন আইনের অধীনে তাদের দায়িত্বের ক্ষেত্রে, *প্লাইলার* ।

*ছাত্র-ছাত্রীদের শিক্ষাগত রেকর্ড অ্যাক্সেস করার বা প্রবেশাধিকার দেওয়ার অনুরোধ।* একইভাবে, আমাদের এজেন্সি পরামার্শ দেয় যে, অভিবাসন আধিকারিকদর কাছ থেকে ছাত্র-ছাত্রীদের শিক্ষা রেকর্ড দেখার অনুরোধ পেলে, স্কুল ডিস্ট্রিক্ট অবিলম্বে তাদের অ্যাটর্নির সাথে পরামর্শ করবে, কারণ এই অনুরোধ মেনে তথ্য প্রকাশ করলে FERPA আইন লঙ্ঘন করা হবে।[6] FERPA কেন্দ্রীয় অর্থ-সাহায্য পাচ্ছে এমন স্কুল ডিস্ট্রিক্টকে সাধারণত নিষিদ্ধ করে কোনো ছাত্র/ছাত্রীর শিক্ষা রেকর্ডে থাকা ব্যক্তিগত চিহ্নিতকরণ তথ্য (পার্সোনালি আইডেন্টিফায়েবেল ইনফরমেশন বা "PII") প্রকাশ করতে, সেই ছাত্র/ছাত্রীর বাবা-মা বা নিজের সম্মতি ব্যতীত। FERPA কেবলমাত্র তখনই সেই প্রকার সম্মতি ব্যতীত প্রকাশ অনুমোদন করে যখন সেটি কিছু সীমিত শর্ত পালন করে, যা নির্দিষ্ট করা হয়ে থাকে আইনের কার্যকরীকরণ নিয়মবিধিতে। এই সীমিত শর্তগুলতে অন্তর্ভুক্ত আছে সেই অনুরোধগুলি যা করেছে কেন্দ্রীয় সরকারের বিশেষ মূল্যায়িত ব্যক্তিগণ[7]। **কিন্তু, ICE বা অন্যান্য কেন্দ্রীয় অভিবাসন আধিকারিক দ্বারা শিক্ষা রেকর্ড থেকে ছাত্র/ছাত্রীর PII অ্যাক্সেস করার অনুরোধ কোনোভাবেই সাধারণ নিয়মের FERPA ব্যতিক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় যাতে কোনো বাবা-মা বা ছাত্র/ছাত্রী কে সেগুলি প্রকাশ করার জন্য কোনো তৃতীয়পক্ষকে সম্মতি দিতে হবে।**[8]

বর্তমানে ডিগনিটি ফর অল স্টুডেন্টস অ্যাক্ট ("DASA") বিষয়ে SED-র P-12 এডুকেশন পলিসি বা নীতির অফিস নির্দেশিকা জারী করছে স্কুল ও ডিস্ট্রিক্টদের, সাম্প্রতিক সময়ে দেশব্যাপী স্কুলগুলিতে হয়রানির প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে। নির্দেশিকা লভ্য হবে এখানে: http://www.p12.nysed.gov/dignityact/documents/dasa-guidance.pdf।

এমন এক সময়ে, যখন কেন্দ্রীয় সরকার কেমন অভিবাসী-সংক্রান্ত পদক্ষেপ গ্রহণ করবে সেই বিষয়ে প্রচুর প্রশ্ন করা হচ্ছে, তখন এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, শিক্ষক ও সরকারী কর্মচারী হিসাবে আমরা আমাদের স্কুল কমিউনিটিদের মনে করিয়ে দিতে চাইব যে, অন্তর্ভুক্তিমূলক কার্যক্রম ও স্কুলে থেকে ভীতি এবং নিন্দা ছাড়া শিক্ষা পাওয়ার সমস্ত ছাত্র-ছাত্রীদের অধিকারও অতীব গুরুত্বপূর্ণ। আমাদের ক্লাসরুমগুলি সমস্ত শিশুদের জন্য নিরাপদ স্থান থাকবে। আমরা আবার আপনাদের ধন্যবাদ জানাচ্ছি সেই সমস্ত কাজের জন্য যা আপনারা করে থাকেন আমাদের ছাত্র-ছাত্রী, পরিবার এবং কমিউনিটিদের সহায়তায়।

---

[5] *দেখুন, উদাঃ,* N.Y.S.E.D. কাউন্সেল বা উকিলের মতামত 91 (17 জুন 1959) ("যে কোনো প্রকারের আধিকারিকরা একজন ছাত্র/ছাত্রীকে তার সঠিকভাবে উপস্থিত তাকার সময়ে, তার বাবা-মায়ের সম্মতি ব্যাতীত স্কুল বিল্ডিং থেকে জেরার জন্য নিয়ে যেতে পারবেন না"); *এছাড়াও দেখুন* N.Y.S.E.D. কাউন্সেল বা উকিলের মতামত 148 (23 ফেব্রুয়ারি 1965) ("স্কুলের কাছে কোনো ছাত্র/ছাত্রীর হেফাজত থাকে না যাতে তারা কোনো আইন রক্ষক আধিকারিক বা তৃতীয় পক্ষকে তাদের প্রবেশাধিকার দিতে পারে ছাত্র/ছাত্রীকে জেরা করতে এবং তাদের য কোনো কারণে স্কুলের চৌহদ্দি থেকে নিয়ে যেতে।") এই অবস্থানটি নেওয়া হচ্ছে বিভিন্ন আইনের উপর ভিত্তি করে, *যার মধ্যে অন্তর্ভুক্ত আছে*, NYFCA, যেটি বলছে যে একজন পুলিশ অফিসার সবরকম চেষ্টা করবেন একটি শিশুর বাবা-মা অথবা শিশুর দেখাশোনা করার দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তির সাথে যোগাযোগ করতে, যদি শিশুটির বয়স 16 বছরের কম হয় এবং তাকে আইনরক্ষকদের হেফাজতে নেওয়া হয়। এই আইন আরও বলে যে সেই প্রকার শিশুকে কোনোভাবে জেরা করা যাবে না, যদি না সেই শিশুর বাবা-মা বা অভিভাবককে, যদি থাকে, তাদের শিশুটির অধিকার সম্পর্কে জানানো হয় এবং তাকে জেরা করার সময়ে তাদের উপস্থিত থাকতে দেওয়া হয়। *দেখুন* নিঃ ইঃ ফ্যামিলি কোর্ট অ্যাক্ট ধারা § 305.2; জিমি ডি. মামলা, 15 N.Y.3d 417 (2010)।

[6] *দেখুন* 20 U.S.C. ধাঃ § 1232g।

[7] 34 C.F.R. ধাঃ § 99.31(a)(3) মোতাবেক, 34 C.F.R. ধাঃ § 99.35 -এর প্রয়োজনীয়তা সাপেক্ষে, প্রকাশ করা যাবে মার্কিন কম্পট্রোলার জেনারেলের অনুমোদিত প্রতিনিধি, মার্কিন অ্যাটর্নি জেনারেল, মার্কিন ডিপার্টমেন্ট অফ এডুকেশন-এর সচিব, অথবা রাজ্য এবং স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষের কাছে।

[8] *দেখুন* 34 C.F.R. § 99.31।

ইতি ভবদীয়,

মেরি এলেন এলিয়া
কমিশনার অফ এডুকেশন

এরিক টি. স্নাইডারম্যান
অ্যাটর্নি জেনারেল